



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৭৯৩

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮

০১ আগস্ট ২০২১

বিষয়: জারিকৃত সূচির চাল পরিবহণে অপারগ থাকায় পরবর্তী ক্রমানুযায়ী ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে ১২০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল পরিবহণের অনুমোদন প্রদান

সূত্র: ১। চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা এর ২৮/০৭/২০২১ খ্রি. তারিখের

১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৭৭৮ নং স্মারক

২। খুলনা ট্রেডার্স লিমিটেড এর ০১/০৮/২০২১ খ্রি. তারিখের আবেদন

৩। সেতু এন্টারপ্রাইজ (এমসি) ১ এর ২৯/০৭/২০২১ খ্রি. তারিখের আবেদন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার নগরবাড়ি ঘাটের মাধ্যমে পটুয়াখালী জেলার সদর এলএসডিতে মেজর ক্যারিয়ার, খুলনা রুটে কর্মরত ঠিকাদারি প্রতিষ্ঠানের নামে ক্রমানুযায়ী নৌপথে মোট ১২০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চালের চলাচলসূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারি করা হয়। সূত্রস্থ ২ নং স্মারকে খুলনা ট্রেডার্স লিমিটেড ঠিকাদারি প্রতিষ্ঠানের মেজর ক্যারিয়ার, খুলনা তালিকাভুক্ত একমাত্র নৌযান এম.ভি শ্যামলী-২ মেরামতের জন্য মেসার্স ওয়াক্সিয়া মেরিগ শিপ বিল্ডার্স ইঞ্জিনিয়ারিং কোং, দক্ষিণ কেরাণীগঞ্জ, ঢাকা ডক ইয়ার্ডে উঠানো হয়েছে মর্মে জানানো হয়েছে। এ কারণে জারিকৃত সূচির খাদ্যশস্য এই মুহূর্তে পরিবহণ করা সম্ভব নয় বিধায় উক্ত সূচি হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে। অপরদিকে, সূত্রস্থ ০৩ নং স্মারকে সেতু এন্টারপ্রাইজ (এমসি) ১ ঠিকাদারি প্রতিষ্ঠানের মেজর ক্যারিয়ার, খুলনা তালিকাভুক্ত কার্গো জাহাজ এম.ভি সেতু-৩ মেরামতের জন্য ডকইয়ার্ডে আছে মর্মে জানানো হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের নিজস্ব মালিকানাধীন অপর কার্গো এম.ভি সেতু খালি অবস্থায় রয়েছে। তাই জারিকৃত সূচির মালামাল কার্গো জাহাজ এম. ভি সেতু এম নং ২০০৩২ এর দ্বারা পটুয়াখালী এলএসডিতে পরিবহণ করতে উক্ত স্মারকে আবেদন করা হয়েছে। কিন্তু এম. ভি সেতু এম নং ২০০৩২ কার্গো জাহাজটি সেতু এন্টারপ্রাইজ (এমসি) ১ ঠিকাদারি প্রতিষ্ঠানের অনুকূলে মেজর ক্যারিয়ার, খুলনা তালিকাভুক্ত নয়।

এমতাবস্থায়, পটুয়াখালী সদর এলএসডিতে ইপি, ওপি, বিশেষ ওএমএসসহ বিভিন্ন খাতে বিতরণ জন্য জারিকৃত সূচির ঠিকাদার কর্তৃক পরিবহণে অপারগতা প্রকাশ এবং তালিকাভুক্ত কোন্স্টার/কার্গো/বার্জ না থাকায় পরবর্তী ক্রমানুযায়ী মেজর ক্যারিয়ার, খুলনা রুটে কর্মরত ঠিকাদারি প্রতিষ্ঠান মেসার্স পূর্বাঞ্চল মেরিনার্স লিঃ এর অনুকূলে ৬০০ মে.টন এবং মেসার্স ফয়সাল নেভিগেশন এর অনুকূলে ৬০০ মে.টন আমদানিকৃত সিদ্ধ চাল নগরবাড়ি ঘাট হতে পটুয়াখালী সদর এলএসডিতে পরিবহণের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

উল্লেখ্য, উক্ত উপসূচির মেয়াদ ১০/০৮/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত বলবৎ থাকবে এবং সূত্রস্থ ১ নং স্মারকে জারিকৃত পরিবহণের ক্ষেত্রে পালনীয় নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

১-৮-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপপরিচালক

প্রাপক :

- ১) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী
- ২) জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা, রাজশাহী
- ৩) ব্যবস্থাপক, মুলাডুলি সিএসডি, পাবনা

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭.৭৯৩/১(১০)

তারিখ: ১৭ শ্রাবণ ১৪২৮
০১ আগস্ট ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, বরিশাল
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক,
- ১০) ভারপ্রাপ্ত কর্মকর্তা, এলএসডি

১-৮-২০২১

মোঃ ফজলে রাক্বী হায়দার

উপপরিচালক